

সখীপুরে প্রাথমিকের ৫৫ শিক্ষকের পদ শূন্য

■ সখীপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

সখীপুরে প্রাথমিক বিদ্যালয়ের ৫৫টি শিক্ষকের পদ শূন্য রয়েছে। এদের মধ্যে ৩০টি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের ও ২৫টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। ওইসব প্রতিষ্ঠানে প্রধান শিক্ষকসহ সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য থাকায় বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের পড়ালেখায় বিঘ্ন ঘটছে। প্রধান শিক্ষক না থাকায় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে চলছে ৩০টি বিদ্যালয়।

উপজেলায় নতুন জাতীয়করণকৃত ৭২টি বিদ্যালয়সহ ১৪২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। ৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান

শিক্ষকের চাকরির মেয়াদ শেষ হলেও ওই সব বিদ্যালয়ের কোনো প্রধান শিক্ষক পদায়ন করা হয়নি।

অপরদিকে বিভিন্ন বিদ্যালয়ের ২৫টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। ফলে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে চলছে ওইসব বিদ্যালয়। বিদ্যালয়গুলো হচ্ছে, শিরিরচালা সরকারি প্রাথমিক বিদ্যালয়, কচুয়া নয়াপাড়া, হাসানগঞ্জ চকচকিয়া, প্রতিমা বংকী উত্তর পাড়া, পশ্চিম বোয়ালি, পাহাড় কাঞ্চনপুর,

মাড়াশিয়া, কালমেঘা উত্তর, চাকদহ, হাতিবাঁকা, টেকি'পাড়া, হতেয়া রাজাবাড়ী, হতেয়া কেরানিপাড়া, হাতিবাঁকা, হতেয়া, দাড়িপাকা, ডাবাইল, জামালহাটকুড়া, কামালিয়াচালা, বড়হামিদপুর, নোহালীচালা, পশ্চিম কালিদাস পানিউল্লাহপাড়া, বড়চালা, রহিমগঞ্জ, উত্তর গড়বাড়ী, তৈলধারা, ঘোনারচালা, বানিয়ারছিট ও হাজী ইম্রহ নগর সরকারি প্রাথমিক বিদ্যালয়।

এসব বিদ্যালয়ে একজন সহকারী শিক্ষককে ভারপ্রাপ্ত

প্রধান শিক্ষকের দায়িত্ব দিয়ে দাপ্তরিক কাজ চালানো হচ্ছে। শিক্ষক না থাকায় ভারপ্রাপ্ত শিক্ষককে প্রায়ই ক্রাস বক রেখে দাপ্তরিক কাজে উপজেলা সদরে যেতে হয়। বাকি শিক্ষকদের প্রধান শিক্ষক ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের

ঘাটতি পুষিয়ে নিতে কষ্টসাধ্য হয়ে পড়ে। ফলে বিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রমসহ শিক্ষার্থীদের পড়ালেখা ব্যাপকভাবে বিঘ্নিত হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আমিনুল হক বলেন, উপজেলার যে সব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকসহ সহকারী শিক্ষক পদ শূন্য রয়েছে। সে সব বিদ্যালয়ের তালিকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে।

৩০টি স্কুলে প্রধান
শিক্ষক নেই